

আটাব/সার্কুলার/২০২৫/১৬১

২৩ ফেব্রুয়ারি, ২০২৫ খ্রিঃ

সকল সম্মানিত সদস্য, আটাব।

বিষয়ঃ- আটাব সদস্যদের মাধ্যমে VFS Global এর Value Added সেবাসমূহ কমিশনের ভিত্তিতে বিক্রয়ের জন্য VFS Global এর সাথে আটাবের সমঝোতা স্মারক স্বাক্ষরিত।

সম্মানিত সদস্যবৃন্দ,

আসসালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহ।


এতদ্বারা সকল সম্মানিত সদস্যদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ট্রাভেল এজেন্সিগণ তাদের গ্রাহকদের UK, Australia, Canada, ইউরোপসহ বিভিন্ন দেশের ভিসার আবেদন ও বায়োমেট্রিক প্রদানের ক্ষেত্রে VFS Global এর প্রিমিয়াম লাউঞ্জ সহ বিভিন্ন সেবা প্রদান করে থাকে। VFS Global এর এ সকল সেবাসমূহ আটাব সদস্যদের মাধ্যমে বিক্রয়ের জন্য আটাব সভাপতি জনাব আবদুস সালাম আরেফ এর নেতৃত্বে বর্তমান কমিটির উদ্যোগে ২৩ ফেব্রুয়ারি ২০২৫ VFS Global ও আটাবের মধ্যে দ্বিপাক্ষিক সমঝোতা স্মারক স্বাক্ষরিত হয়েছে। সমঝোতা স্মারক মোতাবেক ট্রাভেল এজেন্সিসমূহ VFS Global এর নির্দিষ্ট কিছু Value Added সেবা ভিসা প্রার্থীর নিকট কমিশনের ভিত্তিতে বিক্রয় করতে পারবে। এ লক্ষ্যে ভিসা সেবা প্রদান করেন এবং এ বিষয়ে অভিজ্ঞ ও আগ্রহী ট্রাভেল এজেন্সিদের তথ্য পরবর্তী কার্যক্রমের জন্য VFS Global কে প্রদান করা হবে।

এই পরিপ্রেক্ষিতে আগ্রহী আটাব সদস্যদের আগামী ২৮ শে ফেব্রুয়ারির মধ্যে হালনাগাদ ট্রাভেল এজেন্সি লাইসেন্স, ট্রেড লাইসেন্স, আয়কর রিটার্ন দাখিলের প্রমাণক (PSR) এর কপি সংযুক্ত পূর্বক নিম্নোক্ত ছকে এজেন্সির তথ্য ইমেইলে (atab.org.bd@gmail.com) প্রেরণ করে তালিকাভুক্ত হওয়ার জন্য অনুরোধ করা হলো।

ক্রমিক নং	এজেন্সির নাম	এজেন্সির মালিকের নাম	পদবী	ইমেইল ও মোবাইল নম্বর	আটাব মেম্বারশীপ আইডি নং

আটাব সর্বদা সদস্যদের কল্যাণে নিয়োজিত।

ধন্যবাদান্তে,



আফিয়া জান্নাত সালেহ

মহাসচিব

মোবাইল : ০১৬৭৮১৩১৬০১